মেহেরপুর সদর ইউসিসিএ লিঃ এর নির্বাচন সম্পন্ন; সভাপতি সামছুল আলম

মেহেরপুর সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিমিটেডের (ইউসিসিএ লিঃ) ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে সভাপতি পদে ১০ ভোট পেয়ে মোঃ সামছুল আলম নির্বাচিত হয়েছেন।

রোববার (২০ সেপ্টেম্বর) সমিতির কার্যালয়ে বিশেষ সাধারণ সভার মাধ্যমে সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন মোঃ আফাকুল ইসলাম ও মোঃ সামছুল আলম। নির্বাচনে আফাকুল ইসলাম ৭ ভোট এবং সামছুল আলম ১০ ভোট পান।

নির্বাচন শেষে সর্বোচ্চ ভোট পাওয়ায় মোঃ সামছুল আলমকে সভাপতি পদে নির্বাচিত ঘোষণা করা হয়।

এদিকে নির্বাচনী এলাকার ৫টি ব্লকের সদস্য পদে একজন করে প্রার্থী থাকায় সমবায় সমিতি বিধিমালা-২০০৪-এর ৩২(১) বিধি অনুযায়ী তাদের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হয়েছে। নির্বাচিত সদস্যরা হলেন নির্বাচনী এলাকা ব্লক-০২ থেকে মোঃ তাহাউদ্দীন, ব্লক-০৩ থেকে মোঃ শামসুল হক, ব্লক-০৪ থেকে মোঃ ইয়ারুল ইসলাম, ব্লক-০৫ থেকে মোঃ মফিউর রহমান এবং ব্লক-০৬ থেকে মোছাঃ সাবিনা ইয়াসমিন।

অন্যদিকে সহ-সভাপতি পদে এবং নির্বাচনী এলাকার ব্লক-০১-এর সদস্য পদে কোনো প্রার্থী না থাকায় পদ দুটি শূন্য ঘোষণা করা হয়েছে।

নির্বাচনী ফলাফলে সভাপতি পদে মোঃ সামছুল আলমের প্রাপ্ত ভোট ১০ এবং মোঃ আফাকুল ইসলামের প্রাপ্ত ভোট ৭ বলে উল্লেখ করা হয়েছে।

নির্বাচন কমিটির সভাপতি মোঃ মাহবুবুল হকসহ সংশ্লিষ্টরা ফলাফল ঘোষণা করেন।

[redacted]

[redacted]